
খণ্ড 22 সংখ্যা 11 মার্চ 17-23, 1985 টাইমস অফ ইণ্ডিয়া প্রকাশন



# ইন্দ্রজাল কমিকস্





শোহাব



অভিশপ্ত প্রাসাদ
একদিন
ওঃ, লোর্স্টি! কী সুন্দর গোলাপ ফুলটা!
পরে –
তোমার ঠাকুমার সঙ্গে কেন দেখা করতে দাও না, রোরি? বৃদ্ধাদের আমার ভীষন ভাল লাগে!
উনি যুবকদের সঙ্গে বড্ড খারাপ ব্যবহার করেন... বড্ড ছোট নজরে দেখেন তাদের!
আমিও কড়া লোক! আমার সঙ্গে সুবিধে হবে না!
সেটাই ভয়! তোমাদের দুজনের কাউকেই আমি হারাতে চাই না!
বেশ- তুমি তোমার ঠাকুমার সঙ্গে আলাপ না করাও – আমি তোমাকে আমার আত্মীয়দের কাছে নিয়ে যাব!
কোরি, তার স্ত্রী আর বাচ্চাদের তোমার ভাল লাগবে!


পরে ...
এই, গুণ্ডারা! এ হল আমার বন্ধু!
রোরি! ওরা এখানে! আমরা ফুটবল খেলছি!
লেফ্টি কাকা, বলটা ধর!
কেমন আছ, ম্যাডাম?
আজ বাড়িটা জমজমাট লাগছে— দারুন!
রোরির ঠাকুমার একটা ছবি দেখে সিন্ডি বললো "আমার রূপকথার বইয়ের বদমায়েশ ডাইনীটার মতন!"
সিন্ডি, কি বলেছ তুমি?
ক্ষমা কর, রোরি—তা বলতে চাইনি!
ঠিক আছে ... আমি বুঝেছি!
বাচ্চারা চল! শোবার সময় হয়েছে!
রোরি আর লেফ্টি কাকাকে বলে চলে এস!
রোরি, তোমার ঠাকুমা সম্বন্ধে সিন্ডি খারাপ কথা বলেছে, আমাদের ক্ষমা কর!
ছেলে মেয়ে চারটিকে আমার ভীষন ভাল লেগেছে—সন্ধ্যেটা ভাল কাটলো!
মাঝে মাঝে এসো! আমার ভাইটা শক্ত ছেলে—তবে উপযুক্ত!
শোনো, রোরি! তোমার ঠাকুমাতো সত্যিই ডাইনী নয়— ওঁর সঙ্গে আলাপ করিয়ে দাও না?
বেশ! তোমারই জিত! তবে কয়েকটা কথা আছে!
আমার নাম রোরি স্প্রিং নয়— রুডু হেলিং, যার মানে হল স্প্রিং (ঝর্না)... আমি এটা বদলেছি সহজ করার জন্যে!


আমার ঠাকুমা আসলে একজন ব্যারোনেস...
ব্যারোনেস? মানে আমি এক ভাবী রাজ-কুমারীর সঙ্গে রয়েছি?
কথাটা বললাম - কারন, লেস্টি... তিনি সেই ডাক-টাই তোমার কাছে আশা করবেন!
সপ্তাহের শেষে...
ঐ যে! সাধারন পুরানো বাড়িটা!
চারিদিকটা কী সুন্দর, রোরি!
রাজকুমারী, তোমার ঠাকুমা যেন গল্পের জগতে বাস করেন। সামনের দরজায় ওটা কি?
আমাদের পরিবারের প্রতীক চিহ্ন - ভন. স্লুযেলিংরা এটা নিয়ে খুব গর্বিত!
এলিসের ভাষায় বলতে হয় ব্যাপারটা বেশ "রহস্যময়" হয়ে উঠেছে! দরজাটা আমি ঠেলে খুলব না ওটা আপনিই খুলে যাবে!
ব্যারোনেস ভন স্লুযেলিং নাতনীকে অভ্যর্থনা জানালেন।
ছোট্ট সোনাটা, তোকে আদর করতে কি ভালই যে লাগছে!



ঠাকুমা, এ আমার বন্ধু ডেভিড ড্রেক – তুমি ওকে "লেফ্টি" বলবে! সবাই তাই বলে!
আঃ, কিন্তু আমরা "সবাই" নয়, তাই না?
রোরি কথামতন আপনাকে ডাকনামে ডাকতে না পারার জন্যে আমাকে ক্ষমা করবেন, মিঃ ড্রেক!
এতটা নৈকট্য আমার সহজে আসে না!
ঠিক আছে! রাজকীয় উপাধীধারী মহিলা-দের সঙ্গে তো আমার রোজ দেখা হয় না! আমার পক্ষেও "ব্যারোনেস" বলাটা সহজ নয়!
আপনাকে আপনার ঘরটা দেখিয়ে দেবার ব্যবস্থা করি, মিঃ ড্রেক! জানভের!
কোন তাড়া নেই! পরিচয় পর্বটা আমার বেশ ভালোই লাগছে!
বলুন, ব্যারোনেস!
জানভের, ভদ্রলোককে ওঁর ঘরটা দেখিয়ে দাও... মিঃ ড্রেক, ঠিক আটটায় খাবার দেওয়া হবে!
ঠাকুমা, আমিও তাহলে আমার ঘরে যাই, আর...
না, না, রোরি! তিন মাস দশদিন তোকে দেখিনি... তোর নিশ্চই এই বুড়িকে অনেক কথা বলার আছে!
খাওয়ার পরে রোরির ঠাকুমা লেফ্টিকে বললেন "বহুদিন আগে এক দুষ্টু রানী আমাদের বংশের উপর অভিশাপ দিয়েছিলেন...
তোমার সব উত্তরপুরুষ-দের আমি আশীর্বাদ করছি: ভালোবাসা অজস্র ধারায় ঝরে পড়বে... আসবে অনেক সুখ... সব মৃত্যুর শীতলতায় ভরে যাবে এক বছরের মধ্যে!
এটা অন্ধকার যুগ নয়! আমরা ডাকিনীতন্ত্রে বিশ্বাস করি না!
না! আপনারা করেন না – কিন্তু আমি.. আমি বিশ্বাস করি!


আমার ঠাকুর্দা তাঁর পছন্দ করা একটি মেয়েকে বিয়ে করেছিলেন!
এক বছরের মধ্যে তাঁরা তাঁদের হতভাগ্য পূর্বপুরুষদের মতনই মারা গেলেন... বজ্রপাতের ফলে...!
তাঁদের মেয়ে... আমার মায়ের সঙ্গে এক সুপুরুষ, কৃতবিদ্য যুবকের বিয়ে হল! দারুন সুখী ছিলেন তাঁরা! আমার জন্মের দুমাস পরে হঠাৎ একদিন বুনো ছত্রাক খাওয়ার ফলে তাঁদের মৃত্যু হল!
ব্যারোনেস, আপনার পরিবারের বেদনাদায়ক দুর্ঘটনাগুলো সম্ভবতঃ দুর্ঘটনাই... সমাপতন!
কেউ ডাইনীর অভিশাপে মারা যায়নি!
বেশ, তাহলে... আপনি রূপকথার ডাইনীর অভিশাপ এড়ালেন কি করে?
অভিশাপ এড়াতে পারিনি!
আমিও বিয়ে করে সুখী হয়েছিলাম... আমাদের একটি ছেলে ছিল!
"তারপর আমাদের প্রথম বিবাহবার্ষিকীতে আমাদের গাড়ি একটা পাহাড়ের ধারে উল্টে গেল। আমার স্বামী চট্ করে আমাকে গাড়ির বাইরে ফেলে দেওয়ায় আমি বেঁচে গেলাম!"
"... কিন্তু তিনি বাঁচলেন না... গাড়োয়ান আর তিনি ঘোড়াদুটো সমেত পাহাড় থেকে পড়ে গেলেন, মিঃ ড্রেক! আমি বাঁচলাম তিলে তিলে মরবার জন্যে!"
আপনার বলা কোন কাহিনীই আমার সিদ্ধান্তকে বদলাতে পারবে না! জীবনে এই প্রথম আমি বিয়ে করার কথা ভাবছি!
নির্ঝঞ্ঝাট মেয়ে খুঁজে নিন! লক্ষ লক্ষ মেয়ে আছে পৃথিবীতে!
কিন্তু রোরি একটাই! ওর মাথার উপর কোন অবিশ্বাস্য গল্পের বোঝা থাকলেও ওকেই আমি চাই!


পরে...
ব্যারোনেস, ওটা সেই পান্নার তৈরি কবচটা! বহু লক্ষ টাকা দাম!
বোধহয় একটু কম!... কাল ব্যাঙ্কের সিন্দুকে রেখে আসবে! একদিন রোরি ব্যারোনেস হবে... তাকে দিও!
এদিকে...
আমি শুধু জানতে চাই... তুমি ঐ আজগুবি অভিশাপের গল্প বিশ্বাস কর না!
জানি, লেডি – কিন্তু আজ আর নয়! কাল সকালে দেখা হবে!
সুপ্রভাত, রোরি! আর সবাই কোথায়?
জানদার শহরে গেছেন আর ঠাকুমা দুপুরের আগে নীচে আসেন না! সারা সকালটা আমরা একলা!
পাহাড়ের নীচে একটা সুন্দর হ্রদ আছে! জঙ্গলের রাস্তা দিয়ে যাবে ওদিকে?
ওঃ, হ্যাঁ!.. একটা মতলব করেছি! এসো!
মিসেস হ্যাচেট, আমরা দুজনে বন ভোজন করব– দুপুরের খাবারটা প্যাকেটে করে দেবে?
তিনজনের খাবার নাও! আজ তাড়াতাড়ি উঠেছি... ঘন্টাখানেক তোদের সঙ্গে কাটাবার সুযোগ নেব, রোরি!
ব্যারোনেস, আপনার হাঁটা উচিত নয়... আপনি গাড়িতে যান!
পাগল! মিসেস হ্যাচার, তিনজনের খাবার বাঁধো!


রোরি, জায়গাটা সুন্দর, তাই না? তুই সব সময়েই এখানে আসতে চাস!
হ্যাঁ, ঠাকুমা! এখানে এলে যেন আমি নতুন প্রান পাই!
লেস্টি, রোরি আর তার ঠাকুমা হ্রদের কাছে বন-ভোজনে ব্যস্ত।
– জানডের মিসেস থ্যাচারের রান্নাঘরে....
তুমি ব্যারোনেসকে হ্রদ পর্যন্ত হাঁটতে দিলে? থামালে না কেন?
আমি থামাতে পারি? উনি কিছু "করবো" বললে তুমি ঠেকাতে পার?
ব্যারোনেস আমাকে কাজে শহরে পাঠিয়ে... না: পাগলামি... একদম পাগলামি!
আজকের পিকনিকটা দারুন হল, ঠাকুমা!
হ্যাঁ! এমন দিনে মনে হয় বয়স অনেক কমে গেছে! গত কয়েক মাসের মধ্যে এত ভাল আমি থাকিনি!
আমি খুশী! রোরি আর আমি কালে চলে যাচ্ছি! আশাকরি আমাদের বিয়েতে আপনি আসবেন... খুব শিগ্‌গিরি!
আপনি ভীষন একগুঁয়ে লোক, মি: ড্রেক!
আপনিও ভীষন জেদী মহিলা, ব্যারোনেস! আমরা...
ঠাকুমা!
ব্যারোনেস লেস্টিকে বাগে আনবার মতলব দিচ্ছেন সহকারীকে... ছড়ার ছন্দে...
হাতে লোহার ডান্ডা করে স-ব-ই ঠান্ডা!


রোরি, আমরা বাইরে গিয়ে বিয়ে করব!
না! তা হয় না! ঠাকুমার বিশ্বাসে আমি আঘাত করতে পারব না! তুমি কি করে জানলে অভি-শাপের ব্যাপারটা ঠিক নয়?
বেশ! এ সব থামাও! আমি তোমাকে এখান থেকে নিয়ে যাব!
কথা দিচ্ছি... সকালে যাব...
না- রাজকন্যে... এখনই...
রোরি, ব্যারোনেসের শরীর খারাপ, তিনি তোমার সঙ্গে দেখা করতে চান!
মি: ড্রেক, বলতে বাধ্য হচ্ছি... আপনি এ বাড়ির শান্তি যথেষ্ট বিঘ্নিত করেছেন! আর গোলমাল না বাড়িয়ে চলে যান...
... সকালে আমি আর রোরি চলে যাব!
এখনই.. মি: ড্রেক.. এবং একা!
আমাকে ভয় দেখাবেন না ড্রাকুলা-সন্তান! এখানকার হাওয়াটা খারাপ.. একটু বেড়িয়ে আসি!
লোকটি স্বল্পালোকিত সিঁড়ি বেয়ে নামতে যেতেই... জ্ঞানতের ওর ছড়িটা বাড়িয়ে দিল আর ...
এতেই খেলা শেষ হত- যদি না--




জানভের লেফ্‌টিকে খুন করার চেষ্টা করলো.. কিন্তু লেফ্‌টি "দুর্ঘটনা" এড়িয়ে গেল!
অন্ধকারে বুঝতে পারিনি তুমি ইচ্ছে করে খোঁচা দিয়েছ, জানভের!
তাই মরার ভান করে তোমার পরের কাজের জন্যে অপেক্ষা করছিলাম!
...যাতে তুমি ধরা পড়! তোমার লোহার ডান্ডাটা দিয়ে আমাকে ঠেলা দিতে চেয়েছিলে?
বুড়ি, ডাইনীটা আমাকে খুন করতে পাঠিয়েছিল?
জবাব দেবে না? বেশ, বেশ, ব্যারোনেসের কাছে গিয়ে তাঁকেই প্রশ্ন করব! চল!
না, আমি কিছু করিনি! তুমি কিচ্ছু বলবে না!
ঠাকুমার কাছে গিয়ে বলবে তুমি লড়াইএ হেরেছ... যদি না যাও টেনে নিয়ে যাব, জানভের!
ব্যারোনেস! এই হল সাকরেদ! নাকটা ঘসে দিন!


এ কি...অনধিকার প্রবেশ? কোন সাহসে ঘরে ঢুকেছ! জানরেডকে কি করেছ?
আপনার জানডের আমার মেজাজটা খারাপ করে দিয়েছে! কাজটা ভাল নয়, লেডি!
লেস্টি! ও, লেস্টি! কি হয়েছে...? কি করেছ?
কিচ্ছু হয়নি, রোরি! বদমায়েশটা আমাকে খুন করতে এসেছিল!
...আর আমি নিশ্চিত ঠাকুমা তাকে কাজটা করতে বলেছিলেন!
ঠাকুমা! তুমি..তুমি জানডেরকে বলেছ...
এ অসহ্য! একজন অচেনা লোক...আর আমারই নাতনী কৈফিয়ৎ চাইছে!
চলে যাও!
রাজকুমারী হয় এখনই... নয় কক্ষনো নয়! কোন সিদ্ধান্ত যদি নিতেই হয়... এখান থেকে বেরিয়ে গিয়ে নিতে হবে!
জানি, লেস্টি! ঠিকই বলেছ! ঠাকুমা কেবল যদি...
এসো, জানডের! ওকে এবার আটকাতেই হবে! এসো!
না, না, না, ব্যারোনেস! আপনি...



বোকামি কোর না! আমরা ড্রেককে থামাবই! এসো!
না! আপনি দেখেননি... লোকটা নীচে আমাকে কি করেছে! অবিশ্বাস্য! যেন মন্ত্রের জোর গায়ে! দানব!
এখানে দাঁড়িয়ে আমার অবাধ্য হচ্ছ... যখন তোমাকে আমার সবচেয়ে বেশি দরকার?
আমি আপনাকে যেতে দেবনা.. ও আমাদের দুজনেরই ক্ষতি করবে!
আমি... আমি তোর ক্ষতি করব, কাপুরুষ!
দোহাই, ব্যারোনেস! ওকে বাধা দেওয়া বোকামি! পারবেন না! ও পুরুষ... গায়ে ভীষন জোর.. একগুঁয়ে!
আমি মেয়ে... ছিঁচকাঁদুনে নয়, বোকা চাষা...
এই তোর শাস্তি, জানভের চাষা ...
নির্বোধ জানভের! কিন্তু আমি ভন. ফ্রুহেলিং! আমার শরীরে রাজরক্ত.. সম্রাটদের বংশধর আমি!
আমি ক্যারোলিন, ব্যারোনেস ভন. ফ্রুহেলিং! আমি থামাবো বেপরোয়া ড্রেককে!
থামো! আমার হুকুম, ড্রেক! থামো আমার হুকুম!
দোহাই! - ঠাকুমা!
হা, ভগবান! আবার সেই ঝামেলায় পড়তে হবে?


এ সর্বনাশ তুমি করতে পারবে না! আমার নাতনীকে ছেড়ে তুমি এখান থেকে চলে যাও!
দেখুন, লেডি, আপনি সাহসী মহিলা - সেটা আমি দেখেছি - কিন্তু আপনি একে হারাবেন!
না! না! আমি হারাব না! আমি হারিনা! কক্ষনো না! জন স্কুহেলিং এর নামে হুকুম করছি - হুকুম শুনতে পাচ্ছ?
ব্যারোনেস বারান্দা থেকে পড়ে গেলেন আর আকস্মিক দুর্ঘটনায় লেডি আর রোরির সামনে ঘটনার গতি বদলে গেল...
আমি দুঃখিত, ঠাকুমা! কথা বল!
রোরি.. আ..আমার...
মিসেস হ্যাচেট ওঁকে সরানো বিপজ্জনক!
শান্তিতে ঘুমোন...
রো..রোরি ...তোকে দেখব...
এই যে আমি ...তোমার পাশে...
একা আয়.. তোর সঙ্গে.. একা কথা...
ঠিক আছে, রোরি?
হ্যাঁ! জানডেরকে ওঁর ঘরে নিয়ে যাও! ওঁকে ডাক্তার দেখাতে হবে!


ওঁর ক্ষত আমি চিকিৎসা করব! আসুন...
বৃদ্ধা লোকটাকে মারাত্মক ভাবে মেরেছেন!
না! কখনো না! উনি জানডেরকে ছেলের মতন ভালবাসেন! আপনিই এসব করেছেন!
রোরি... আমার রোরি ... তুই বুঝতে পারছিস...
কথা বোল না, দোহাই!
না.. শেষ নিঃশ্বাস নেবার আগে..
তুমি মারা যাচ্ছ না! আমরা ডাক্তার ডাকছি!
শেষ নিঃশ্বাস নেবার আগে তোকে বলছি... তুই ঐ ছেলেটাকে বিয়ে করবি না... কিছুতেই না...
কথা দে... আমি মরার আগে... কথা দে ... তুই বিয়ে করবি না...
ওঃ, ঠাকুমা, লোকটিকে ছাড়তে বোল না!
ছাড়তেই হবে! কি করে বোঝাই... এ বংশের অভিশাপে নিজেকে ধ্বংস করিস না!
এটা ধর! এটা দিয়ে ওর হাত থেকে মুক্ত হও!



শিগগিরি ব্যারোনেসের মৃত্যু হল।
এ সো... এত রাতে তোমার ঠাকুমাকে নিয়ে আর কিছু করা যাবে না!
আমি,, আমি লেস্টির সঙ্গে দেখা করব... তাকে বলব..
আমি তাঁর সঙ্গে দেখা করে সব বলছি... তুমি শুতে যাও!
একটু পরে...
রোবি, তোমার ঠাকুমার ব্যাপারে আমি দুঃখিত! আসবে... একটু কথা আছে!
দো- দোহাই, লেস্টি! আমি ক্লান্ত! আমাকে শুতে দাও! কাল সকালে কথা বলব!
ঠিক আছে, রাজ-কুমারী... ঘুমোও!
কিন্তু ঘরের মধ্যে..
একা শ্রান্ত লেস্টি শীতের চাঁদনী রাতে প্রাসাদে ঘুরে বেড়াচ্ছে...
আধঘন্টা পরে.. তার চোখে পড়লো প্রাসাদের দোতলায় একটা ভূতুড়ে আলো ঘুরে বেড়াচ্ছে...
হতবাক লেস্টি কিছুক্ষন চলমান ভূতুড়ে আলোটা দেখলো তারপর...
...ভালো করে দেখার জন্যে ছুটলো সেদিকে ...


হা. ভগবান! এ তো ব্যারোনেস! কিন্তু রোরি আর হ্যাচার্ট বললো উনি মারা গেছেন।
লেস্টি দোতলায় উঠলো... ঘর অন্ধকার... ভূতুড়ে মূর্তি অদৃশ্য!
লেস্টি ব্যারোনেসের ঘরে ঢুকলো... মৃতদেহ তেমনি পড়ে আছে।
পেছনে কারো উপস্থিতি... একটা নিঃশ্বাস অনুভব করল লেস্টি।
সময় মতন নীচু হয়ে সে মিসেস হ্যাচারের ঘুঁষিটা এড়াল।
আমি হয়তো তোমাকে রোরির কাছ থেকে সরাতে পারব না... কিন্তু একটা বড় শক্তি পারবে... করবে!
হা-হাঃ! কারুর ক্ষমতা নেই আমাকে সরায়!
ব্যারোনেসের মৃত্যু হতে পারে... কিন্তু তিনিই তোমাকে ধ্বংস করবেন!
এদিকে...
ছেলেটার হাত থেকে মুক্ত হ' রোরি! ওকে চিরকালের মতন সরিয়ে দে!


পরদিন জানডেরকে হাসপাতালে পাঠানো হল।
আ- আমার মনে হচ্ছে... জারডেরের মার খাওয়া... ঠাকুমার মৃত্যু.. আমরাই ঘটালাম!
না! মনে রেখো ওরা আমাকে খুন করতে চেয়েছিল!
এখানে যদি না আসতাম! নিজেকে অপরাধী মনে হচ্ছে!
তুমি অপরাধী নও!
আমাদের এখান থেকে চলে যাওয়া উচিত!
না.. না... যতক্ষন— এখানে এত কাজ!
বেশ! সব কিছুরই ব্যবস্থা করে তারপর যাব!
হ্যাঁ.. হ্যাঁ.. লেফিট্!
রোরি শোবার উদ্যোগ করতেই এক ঘটনা ঘটল।
সে ঠাকুমার মতন নিজেকে সাজালো... সবচেয়ে অদ্ভুত কান্ড আয়নায় সে নিজেকে বৃদ্ধা ব্যারোনেসের চেহারায় দেখলো!


কবচটা হাতে নিয়ে সে ঘর থেকে বেরিয়ে নীচের ঘরে এলো...
...সেখানে লেস্টি বসে! রোরির মুখে এখন ঠাকুমার মৃত্যুর শীতলতা।
হা ভগবান! বৃদ্ধা বেঁচে!
পরে লেস্টি রোরিকে ঘুম থেকে তুলতে গিয়ে...
ছেলেটার হাত থেকে মুক্ত হ'!
ছেলেটা? রোরি! শোন! আমি লেস্টি!
...বুঝতে পারছিনা... আমাদের কি হচ্ছে.. রোরি...
এটা একটা...
...অশুভ কিছু...
আমাদের ধ্বংস
করতে চায়!
আমি সাহায্য করছি, রোরি!
ব্যারোনেস?
এ লোকটার কথা শুনবেন না, ব্যারোনেস!


নিশ্চই! মিস রোরিই এখন ব্যারোনেস ভন ফ্রুহেলিং! উঁনি ওঁর ঠাকুমার যেতাব, নাম...
ব্যারোনেস!
... সম্পত্তি, সম্পত্তি... সব কিছুরই মালিক!
পারিবারিক অভিশাপেরও!
রোরি, তুমি আর আমি বিয়ে করব!
হ্যাঁ, লেফ্টি, হ্যাঁ...!
ওর কথা শুনবেন না! কেন বোকার মতন "মিসেস ড্রেক" হতে যাবেন যখন আপনি ব্যারোনেস ভন. ফ্রুহেলিং?
আপনার ঠাকুমা জানতেন কিসে আপনার ভালো! তাঁর উপর আস্থা রাখুন, ব্যারোনেস!
ছেলেটার হাত থেকে মুক্ত হ'!
না!
এ সব আর নয়! এটার ও*!!ও হাত থেকেই আগে মুক্ত হব!
লেফ্টি ফ্রুহেলিংদের পারিবারিক চিহ্ন আগুনে ফেলে দিলে!
রোরি! তোমার হাত পুড়ে যাবে!


লেফ্টি রোরির হাত থেকে জ্বলন্ত কবচটা ফেলে দিল!
তুমি হাতটা পুড়িয়েছ! চিকিৎসা করতে হবে!
মিসেস থ্যাচেট গোপনে জ্বলন্ত কবচটা চিমটে দিয়ে তুলে...
...সেটা দুলিয়ে লেফ্টিকে প্রচন্ড আক্রমন করল...
...প্রচন্ড আঘাতে লেফ্টি মাটিতে লুটিয়ে পড়লো...
...জ্বলন্ত কবচটা পর্দায় লেগে পর্দায় আগুন ধরিয়ে দিল।
আসুন! চলে আসুন, ব্যারোনেস!
না! লেফ্টিকে না নিয়ে যাবো না! লেফ্টি!
..লেফ্টি আগুন নেভাবার চেষ্টা করল কিন্তু পারল না...
...পুরো ঘরটা আগুনে ভরে গেল...


আগুন নিয়ন্ত্রনের বাইরে চলে যাওয়ায় লেফ্টি মহিলা দু'জনকে ঘরের বাইরে আনার চেষ্টা করল!
রোরি, থ্যাচেট! দরজার দিকে যাও!
তুমি... তুমি এ সবের মূলে! তুমি অশুভ!
কেন কেউ তোমাকে ধ্বংস করতে পারছেনা? বৃদ্ধা ব্যারোনেস, আমি, জানডের এমন কি মিস রোরিও ব্যর্থ! তুমি শয়তান!
থ্যাচেট! না! থামো!
এর জন্যে দুঃখিত, থ্যাচেট! তুমি শুধু করালেই না... এটা ভদ্রতা শিক্ষার সময়ও নয়!
রোরি, পালাও! এখান থেকে বেরোও!
লেফ্টি রোরি আর থ্যাচেটকে হাসপাতালে হাজির করল।
রোরির হাতদুটো কেমন দেখছেন, ডাক্তার? ঠিক হয়ে যাবে?
আমরা ব্যবস্থা নিয়েছি... ঠিক হয়ে যাবে!
আজ রাতে দেখা করতে পারি?
কাল সকালে দেখা করবেন. দুজনকেই আজ রাতে ঘুমের ওষুধ খাইয়েছি!



আগুন লাগার পরের দিন লেস্টি একজন ইন্সপেক্টরকে সঙ্গে নিয়ে বিধ্বস্ত প্রাসাদটা দেখতে এল!
শুধু পাথরের থাম্বগুলো টিকে আছে!
হ্যাঁ... ভেতরের সব কিছু একদম শেষ হয়ে গেছে, মিঃ ড্রেক!
এদিকে হাসপাতালে ...
আজকে ভালো আছেন, রোরি! বেশ! ঠাকুমার বাড়িতে আপনাদের সময়টা খুব খারাপ কেটেছে!
হ্যাঁ... ঠাকুমা নেই... আমরা তিনজন হাসপাতালে... বাড়িটা পুড়ে ছাই!
মিসেস হ্যাচেটের মানসিক চিকিৎসার দরকার হবে... তবে জানডের ভালই আছেন!
একটু পরে...
ব্যারোনেস! ডাক্তারবাবু আমাকে সব ঘটনা বলেছেন!
ও, জানডের! আপনাকে দেখে আমার এত ভাল লাগছে!
কথা বলে রোরির ঘর থেকে বেরিয়ে জানডের ...
..পোশাক পাল্টে হাসপাতাল থেকে বেরিয়ে গেলেন।
হাজির হলেন স্থানীয় ব্যাঙ্কে!
ব্যারোনেসের সিন্দুক খোলার অনুমতি তাঁর ছিল।
জানডের সেখান থেকে চলে গেলেন বাজারে।
রোরি! কেমন আছ, রাজকুমারী?
ওঃ, লেস্টি! ঈশ্বরকে ধন্যবাদ! আগুনে কেউ আহত হয়নি


কিন্তু - আমাদের দেখা হবার পর থেকেই অদ্ভুত ঘটনা ঘটছে!
দেখা হবার পর থেকে নয়... আমরা তোমার ঠাকুমার বাড়ি যাবার পর থেকে! কিন্তু সে তো শেষ! আমরা এখন নিরাপদ!
যত শিগগিরি সম্ভব আমরা বিয়ে করব... এক্ষুনি... আমার পোশাকটা বদলানো দরকার! আসছি একটু পরে...
মহা উৎসাহে দরজার দিকে এগোল লেফ্টি...
কিন্তু সে দেখতে পেল না অভ্যর্থনা কক্ষে জানডের বসে আছে!
দৈনিক
শহরের সর্বত্র দারুণ উৎকণ্ঠা
লেফ্টি চলে গেলে বোরি একটা চেয়ারে বসে পড়ে, নিঃশব্দে কাঁদতে লাগলো...
তারপর ধীরে ধীরে সে হাতের ভারী ব্যান্ডেজগুলো খুলে ফেললো...
যন্ত্রণা সত্ত্বেও জানডেরের আনা সুটকেসটা সে হাতে তুলে নিল।
ওঃ, লেফ্টি, আমাকে এটা করতেই হল।


জানডের সব ঠিক করেছে – পোশাক টাকা, প্লেনের টিকিট ...
এমন কি পারিবারিক চিহ্ন-টিও
... নতুন ব্যারো-নেস ভন স্ট্রহেলিং-এর জন্যে!
ওঃ, ঠাকুমা আমাকে সব বলেছে – যাতে আমাদের ভাল হবে.. তোমার আমার... দুজনেই রক্ষা পাব!
লেস্টি দোকানে গিয়ে আগুনে পোড়া পোশাক বদল করছে!
নীলটা! রোরি বলে নীলই আমাকে মানায়!
... জানডের অভ্য-র্থনা কক্ষে বসে...
ড্রেক যাবার পর রোরি আধঘণ্টা সময় চেয়েছে!
... রোরি জানডেরের আনা পোশাক পরছে...
ওঃ, লেস্টি! তুমি কি আমাকে বুঝবে
সে লেস্টিকে একটা চিঠি লিখল...
এইটেই একমাত্র পথ!
লেস্টি





FLASH AVENGES MING'S POWERFUL STOOGE — *OUR NEXT ISSUE.*



কিটুম
প্রকাশ
K-47


# জীবজন্তুর কথা

# উল্টো দেখা

লেখা :
লুই ফার্নান্ডেজ
রেখা :
প্রদীপ সাঠে




বেড়ালের চেহারার প্রাণী উড়ন্ত লেমুড় ঘুমোবার সময় মাথা নীচু করে ঘাড় গুঁজে
গাছের ডাল ধরে ঝোলে। দূর থেকে দেখলে মনে হয় গাছে প্রকাণ্ড ফল
ঝুলে আছে। এইভাবে এরা শত্রুকে ঠকায়।
টিয়া জাতের ছোট্ট পাখি প্যারাকিটরাও মাথা
নিচের দিকে ঝুলিয়ে ঘুমোতেই ভালবাসে।
এশিয়ার দীর্ঘ অঞ্চল জুড়ে এই অদ্ভুত পাখিরা
বাস করে।
কোন কোন মাছও অনেক সময় পৃথিবীকে
উল্টে দেখতে ভালবাসে। এই মাছটি যেমন একটি
গুহার ছাদ পরীক্ষা করছে।
বিপদে পড়লে সাদার্ন
পাফার মাছ পেট ফুলিয়ে
উল্টো হয়ে জলের উপর
ভাসতে থাকে। আটলান্টিক
মহাসাগরে এদের দেখা যায়।
মাছি বা অন্যান্য
পতঙ্গদের উল্টো হয়ে
ঘোরা ফেরা করতে
কোন অসুবিধাই
হয় না...
...এদের শত্রু টিকটিকিরও
এ সুবিধা আছে
পুরোপুরিই।
©CRESCENT COMICS, 1985



!?
SHEHAB
TOY
60/c




Printed and published for the proprietors, BENNETT, COLEMAN & CO., LTD., by PRITISH NANDY at NEW KARNODAYA PRESS, A1/293, GIDC, Makarpura, Baroda-10 (Gujarat). Editor: VINOD TIWARI. Branches: 7, Bahadurshah Zafar Marg, NEW DELHI-110 002; 139, Ashram Road, AHMEDABAD-380 009; 105/7A, S. N. Banerjee Road, CALCUTTA-700 014. OFFICES AT: 13/1, Government Place East, CALCUTTA-700 069; "Ganga Griha", 6-D Nungambakkam High Road, MADRAS-600 034; 407-1, Tirath Bhavan, Quartergate, PUNE-411 002; 26, Station Approach, Sudbury, Wembley, Middlesex, LONDON, U.K. London Tel. No. 01-903-9696.

BENGALI